গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : এ. কে. এম. শামিমুল হক ছিদ্দিকী
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ : ১৬-০৩-২০২২
সময় : বেলা ০২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব মোঃ গোলাম রাব্বী, পিএএ, উপসচিব নৌপরিবহন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ উপস্থাপন করেন। সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে গুরুত্বারোপ করেন। কমিটির সদস্য মীর মাহবুবুর রহমান, উপসচিব (উন্নয়ন) বলেন যে ২০২১-২০২২ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতিতে মোট নম্বর ২৫ নির্ধারণ করা আছে যা থেকে মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৩ নম্বর যুক্ত হবে। ফলে সিটিজেন চার্টার/সেবা প্রদান প্রতিশ্রুতির বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০২। কমিটির সদস্য-সচিব জানান, সেবা প্রদানের গুরুত্ব সম্পর্কে অবহিত থাকা সেবা প্রদানের অন্যতম শর্ত। তিনি এ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত নীতিমালাসহ পরিপত্রসমূহ উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ এসকল নির্দেশনার আলোকে নৌপরিবহন মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারের নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখার সোবা প্রদান কার্যক্রম পর্যালোচনা করেন। পর্যালোচনায় শাখার সেবাপ্রদান প্রতিশ্রুতি এবং কার্যক্রমের মধ্য সাযুজ্য পরিলক্ষিত হয়। এধারা অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় বিগত সভার কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা করা হয়। সদস্য-সচিব জানান যে, উক্ত সভার সিদ্ধান্তের আলোকে সরকারি নির্দেশনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করার বিষয়টি মনিটরিং করা হচ্ছে এবং মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ আছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সকল দপ্তর/সংস্থা
১.	সেবা প্রদানের গুরুত্ব সম্পর্কে অবহিতকরণ সভা	সকল দপ্তর/সংস্থার নিজস্ব সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে অংশীজন নিয়ে অবহিতকরণ সভা আয়োজন করবে	১. সকল দপ্তর/সংস্থা ২. বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

২.	মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার হালনাগাদকরণ/সমৃদ্ধকরণ	মন্ত্রণালয়ের প্রত্যেক শাখা তাদের কার্যক্রম পর্যালোচনা করে সিটিজেন চার্টার হালনাগাদকরণ বিষয়ে মতামত/সুপারিশ প্রণয়ন করে সুশাসন শাখায় প্রেরণ করবে। প্রাপ্ত মতামতের আলোকে সিটিজেন চার্টার হালনাগাদকরণ করতে হবে।	উপসচিব (সকল)/সিনিয়র সহকারী সচিব (সকল)
৩.	প্রশিক্ষণ	সকল দপ্তর/সংস্থাসমূহ নিজস্ব প্রদত্ত সেবা প্রদানের পদ্ধতি সম্পর্কে জনবলকে প্রশিক্ষণ প্রদান করবে	১. সকল দপ্তর/সংস্থা ২.প্রশিক্ষণ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

২৯.০৩.২০২২
(মীর মোহাম্মদ মাহবুবুর রহমান)
উপসচিব

২৯/০৩/২০২২
(মোঃ গোলাম রাব্বী, পিএএ)
উপসচিব

২৯/৩/২০২২
(এ. কে. এম. শামিমুল হক ছিদ্দিকী)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, নৌপরিবহন মন্ত্রণালয়।

নম্বর-১৮.০০.০০০০.০১৬.৩১.০০৫.২১

তারিখ:২৯-০৩-২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

১. চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/ বাস্থবক/বিআইডব্লিউটিএ/পাবক/বিআইডব্লিউটিসি।
২. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগাম।
৪. কমান্ড্যান্ট, মেরিন একাডেমী,চট্টগ্রাম, বরিশাল, সিলেট, পাবনা ও রংপুর।
৫. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম।
৬. পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।
৭. উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০.সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ: সকল সংস্থার সিটিজেন চার্টার সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা